

শীমের ফল ছিদ্রকারী পোকা

পোকা পরিচিতি:

শীমের ফল ছিদ্রকারী পোকা শীমের ব্যাপক ক্ষতি করে। এই পোকার কীড়ার মাথা গাঢ় বাদামী থেকে কালো রঙের হয়। দেহ হলদে সাদা বর্ণের। কীড়ার পিঠে লম্বালম্বি লালচে ফোটা দেখা যায়। পূর্ণঙ্গ পোকা দেখতে কালচে ছাই রঙের এবং নীচের পাখা সাদা তুলার মত।

ক্ষতির লক্ষণ:

পূর্ণঙ্গ পোকা প্রথমে পাতার নিচে বা ফুলের কুঁড়িতে ডিম পাড়ে। ডিম ফুটে কীড়া বের হয়ে ফুল ও ফলে আক্রমণ করে এবং কচি ফল ছিদ্র করে ভিতরের শাঁস খায়। আক্রান্ত ফলের বীজগুলো আংশিক অথবা সম্পূর্ণ খেয়ে ফেলে। পোকা আক্রান্ত শীমের গায়ে ছিদ্র দেখা যায় ও ছিদ্রের মুখে পোকার বিষ্ঠা (পায়খানা) দেখা যায়। অনেক সময় ছিদ্র মুখে কীড়ার পিছনের অংশও দেখা যায়। এই ছিদ্র মুখ দিয়ে ফলের ভিতরে পানি ঢুকে এবং ফল পচে যায়।



ছবি: কীড়া ও আক্রান্ত ফল।

সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা:

- ১। পরিস্কার পরিচ্ছন্ন চাষাবাদ পদ্ধতি অনুসরণ করতে হবে।
- ২। সুমম সার ব্যবহার করতে হবে।
- ৩। প্রতি একদিন পরপর আক্রান্ত ফুল ও ফল সংগ্রহ করে কমপক্ষে একহাত গভীর গর্ত করে মাটিতে পুতে ফেলতে হবে।
- ৪। ঝরা ফুল, ফল ইত্যাদি সংগ্রহ করে নষ্ট করে ফেলতে হবে।
- ৫। আক্রমণের মাত্রা বেশী হলে সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক (রিপকর্ড/সিমবুশ) প্রতি লিটার পানিতে এক (১) মি.লি. হারে মিশিয়ে স্প্রে করতে হবে। তবে বিষ প্রয়োগের দুই সপ্তাহের মধ্যে খাওয়ার জন্য কোন শীম সংগ্রহ করা যাবে না।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন